

জবি রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপি বার্ষিক তাঁবু বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান  
অনুষ্ঠান-২০১৯ এর উদ্বোধন



জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপি (৫-৭ সেপ্টেম্বর-২০১৯) বার্ষিক তাঁবু বাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান (২০১৯) বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন প্রাঙ্গণে ৫ সেপ্টেম্বর শুরু হয়েছে। প্রধান অতিথি হিসেবে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া।

উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান স্কাউট ব্যক্তিত্ব হিসেবে স্কাউট উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) মো. মহসিন এলাটি।

জবি রোভার-ইন-কাউন্সিলের সদস্য মো. এনামুল হাসান কাওছার ও সাধারণ সম্পাদক মোঃ ইমতিয়াজ মাহমুদের সঞ্চালনায় এবং জবি রোভার স্কাউট গ্রুপের সম্পাদক ও উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকারের সভাপতিত্বে অনুষ্ঠানে রোভার-ইন-কাউন্সিলের পক্ষে স্বাগত বক্তব্য রাখেন জবি রোভার-ইন-কাউন্সিলের সভাপতি মোঃ আহসান হাবীব।

এসময় রোভার স্কাউট লিডার অধ্যাপক ড. মনিরুজ্জামান খন্দকার, আবুল কালাম আজাদ, মিন্টু আলী বিশ্বাস, নাহরিন জান্নাতসহ জবি রোভার গ্রুপের বর্তমান ও সাবেক রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শনিবার আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, লালমাই, কুমিল্লায় দীক্ষাপ্রাপ্ত রোভারদের দীক্ষা ও ব্যাজ প্রদানের মধ্যদিয়ে এই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হবে। এবছর জবি রোভার স্কাউট গ্রুপ থেকে ১০৬ জন নতুন সহচর দীক্ষা গ্রহণ করছে।